*মূলশব্দাবলীঃ*
*সিলাতুরাহমী*
*সম্পর্ক/বন্ধন*
*মাফ চাওয়া*
*রহমত*

**Majlis Ugama Islam Singapura**

**Friday Sermon**

**27 March 2026 / 7 Syawal 1447H**

# সম্পর্ক বজায় রাখার পরীক্ষাসমূহ

**الحَمْدُ لِلَّهِ وَفَّقَ مَنْ شَاءَ لِمَكَارِمِ الْأَخْلَاقِ، وَهَدَاهُمْ لِمَا فِيهِ فَلَاحُهُمْ يَوْمَ الْمَسَاقِ، وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، الْمَلِكُ الْخَلَّاقُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُ اللَّهِ وَرَسُولُهُ أَفْضَلُ الْبَشَرِ عَلَى الْإِطْلَاقِ، اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ، وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَمَنْ تَبِعَهُمْ بِإِحْسَانٍ إِلَى يَوْمِ التَّلَاقِ. أَمَّا بَعْدُ، قَالَ اللَّهُ فِي كِتَابِهِ الْعَزِيزِ: يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَقُولُوا قَوْلًا سَدِيدًا.**

যুমরাতুল মুমিনিন রাহিমাকুমুল্লাহ,

আসুন, আমরা নিরন্তর আমাদের তাকওয়া অর্থাৎ মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার প্রতি সচেতনতা বজায় রাখি, তাঁর আদেশ পালন করে এবং তাঁর নিষেধ থেকে বিরত থেকে। আমরা প্রার্থনা করি যেন আখেরাতের দিনে আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার ছায়া আমাদের দান করা হোক। আমিন, ইয়া রব্বাল 'আলামিন।"

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার রহমতপ্রাপ্ত সম্মানিত সুধী,

শাওয়ালের মাসের সঙ্গে সামঞ্জস্য রেখে এই মাসকে একে অপরের সাক্ষাৎ ও সিলাতুরাহমি বা পারিবারিক সম্পর্ক দৃঢ় করার মাস হিসেবে বিবেচনা করা হয় । আজকের এই খুতবায় মূলত এই মহৎ চর্চা এবং এর সঙ্গে যুক্ত চ্যালেঞ্জগুলোর উপর আমরা আলোকপাত করার চেষ্টা করব।

প্রিয় ভাইয়েরা আমার,

আমরা বরকতময় রমজান মাসটি পেছনে ফেলে এসেছি। আমরা এগিয়ে যাচ্ছি সেই মহৎ মূল্যবোধকে সঙ্গে নিয়ে, যা আমরা মাসব্যাপী চর্চা করেছি। এখন আমরা প্রবেশ করেছি শাওয়ালের মাসে, যা উষ্ণ শুভেচ্ছা, সিলাতুরাহমি দৃঢ় করার সমাবেশ এবং ভালোবাসা ও স্নেহ প্রকাশের জন্য পরিচিত।

তবে বাস্তবতা হলো, মানুষের মধ্যে সম্পর্ক সর্বদা সহজ বা মনোরম হয় না। কখনো তা শান্তিপূর্ণ ও সম্প্রীতির হয়, আবার কখনো তা পরীক্ষা-নিরীক্ষা, উত্তেজনা ও ভুল বোঝাবুঝির মধ্যে পড়ে। আমরা সচেতন হই যে সিলাতুরাহমি বজায় রাখা একটি **বিশেষ দায়িত্ব**, যা বড় ধরনের পরীক্ষা সহ আসে। আমি যা বলছি তার ভিত্তি কী?

নবী (সঃ)-এর নির্দেশনা লক্ষ্য করুন, যা দেখায় যে সিলাতুরাহমি বজায় রাখাড় কাজটি শুধুমাত্র শান্তি ও সহজ সময়ে পালন করার জন্য নয়। বরং, সম্পর্কগুলো যখন পরীক্ষা-নিরীক্ষার মুখোমুখি হয়, তখনও এগুলোকে জীবন্ত রাখতে হবে।

নবী (সঃ).-এর হাদিসে বলা হয়েছে, যার অর্থ:
"যিনি সিলাতুরাহমি বজায় রাখেন, তিনি কেবল সেই ব্যক্তি নন যিনি শুধুমাত্র ভালোকে ভালো দিয়ে প্রতিফলিত করেন, বরং তিনি সেই ব্যক্তি, যিনি সম্পর্ক ছিন্ন হলে তা পুনঃস্থাপন করেন।" (বুখারি শরীফ)

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার রহমতপ্রাপ্ত সম্মানিত সুধী,

সিলাতুরাহমি বজায় রাখার পরীক্ষায় পরীক্ষা করা হয়:

1. চরিত্রের উৎকর্ষতা (ইহসান),
2. ধৈর্য্য, এবং
3. ক্ষমা করার ক্ষমতা — এই তিনটি ইতিবাচক গুণাবলি রমজানের মাদরাসায় আমরা দৃঢ়ভাবে চর্চা করেছি। তবে, কোন প্রতিবন্ধকতাগুলি প্রায়ই আমাদের এগুলো চর্চায় বাধা হয়ে দাঁড়ায়?

**অহংকার এবং অহংময়তা!**

অহংকার এবং অহংময়তা একজনকে অন্যদের তুলনায় অধিক গৌরবময় এবং গুরুত্বপূর্ণ মনে করায়। উপরন্তু, আল্লাহ সূরা লুকমান, আয়াত ১৮-এ ব্যাখ্যা করেছেন, যে এই গুণ নিন্দনীয় এবং তাঁর কাছে অপ্রিয়:

وَلَا تُصَعِّرْ خَدَّكَ لِلنَّاسِ وَلَا تَمْشِ فِي ٱلْأَرْضِ مَرَحًا ۖ إِنَّ ٱللَّهَ لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُورٍ ۝١٨

**অর্থঃ** মানুষের প্রতি গর্বের চোখ তুলে তাকিও না, এবং পৃথিবীতে অহংকার করে চলিও না। নিশ্চয় আল্লাহ্ সেই মানুষকে পছন্দ করেন না যে অহংকারী ও গর্বিত।"

এছাড়া, অহংকার এবং অহংময়তা সম্পর্ক মেরামতের প্রক্রিয়ার জন্য বাধা সৃষ্টি করে। অহংকার ও অহংময়তার উপস্থিতি ভুল বোঝাবুঝি, হৃদয়বিদারক অনুভূতি এবং অভিমানকে স্থায়ী করে, যার ফলে একসময় ভাল এবং স্নেহপূর্ণ সম্পর্কও টানাপোড়েনের মধ্যে পড়ে।

আগের হাদিস থেকে নির্দেশনা গ্রহণ করে এবং এই বাস্তবতা মেনে নিয়ে যে প্রতিটি মানবিক সম্পর্ক অবশ্যই পরীক্ষা-নিরীক্ষার মুখোমুখি হবে, আজকের খুতবায় আমরা আলোচনা করব সম্পর্কের মধ্যে টানাপোড়নের সময় **সিলাতুরাহমি রক্ষায় যে তিনটি পদক্ষেপ** নিতে হবে সে বিষয়ে;

**প্রথমত: হৃদয়ে ধীরে ধীরে ভেতরে ঢুকে পড়া অহংকার ও অহংময়তার সূক্ষ্ম বীজসমূহ সম্পর্কে সচেতন থাকা**।

এই দুটি গুণ প্রায়শই আমাদের বুঝে ওঠার আগেই নিঃশব্দে আমাদের মধ্যে জন্ম নেয়, — তা প্রায়শই চালিত হয় এমন বিশ্বাস থেকে যে আমরা সর্বদাই সঠিক, ক্ষমা চাওয়া আমাদের জন্য কঠিন, এবং অন্যদের প্রতি অবহেলা বা নেতিবাচক ধারণা পোষণ করা যায়।

সত্যি বলতে, যখন আমরা বিতর্ক করার পরিবর্তে **শোনা** কে প্রাধান্য দেই, প্রতিশোধের চেয়ে **ক্ষমাকে** প্রাধান্য দিই, এবং সম্প্রীতির জন্য **নিজেকে বিনম্র করি**, তখন আমরা আল্লাহর প্রিয় চরিত্রকে নিজের মধ্যে অবলম্বন করার সিদ্ধান্ত নিচ্ছি।

<u>**দ্বিতীয়ত: সর্বদা মিলনের পথ বেছে নেওয়া**</u>।

আমাদের কাছে  নিজেকে দূরে সরিয়ে রাখাটা সহজ মনে হয়  এবং অপেক্ষা করি যে মীমাংসার প্রথম পদক্ষেপ অন্য পক্ষ নেবে। তবে, এই মনোভাব পরিস্থিতিকে আরও খারাপের দিকে নিতে পারে। **উদ্যোগ নেওয়া** — তা হোক শুভেচ্ছা জানানোর মাধ্যমে, টেক্সট মেসেজ পাঠানোর মাধ্যমে, বা আন্তরিকভাবে ক্ষমা প্রার্থনা করার মাধ্যমে — সাহস, আন্তরিকতা এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ, নিজের অহংকারকে শীতল করার প্রয়োজন হয়। এটি প্রমাণ করে **পরিপক্কতা** এবং আল্লাহর সন্তুষ্টি অর্জনের সত্যিকারের ইচ্ছা। মনে রাখতে হবে যে মিলনের উদ্দেশ্য কে ঠিক বা ভুল তা প্রমাণ করা নয়, বরং সম্পর্ক পুনঃস্থাপন এবং আল্লাহর সন্তুষ্টির জন্য সিলাতুরাহমি রক্ষা করা।

**তৃতীয়ত: <u>প্রতিটি সম্পর্ক যে একটি আমানত এবং বরকতের উৎস তা বুঝতে পারা</u>**

প্রতিটি ব্যক্তি — হোন তিনি পিতা-মাতা, সন্তান, ভাই-বোন, স্বামী-স্ত্রী, বন্ধু বা প্রতিবেশী — আমাদের জীবনে তাঁরা প্রবেশ করেন আল্লাহর ইচ্ছানুসারে। প্রত্যেকের উপর অন্যজনের কিছু অধিকার থাকে এবং সেই অধিকারগুলোর মধ্যে অন্তর্ভুক্ত হলো **দয়া ও সহানুভূতিপূর্ণ আচরণ**, যা প্রকৃতপক্ষে একজন ব্যক্তির ঈমানের প্রতিফলন। যখন আমরা এই সম্পর্কগুলোকে **ঈমানের নির্দেশনা, ধৈর্য্য, ভালোবাসা এবং ইহসান বা উৎকর্ষতার সাথে লালন করি**, তখন আল্লাহ্‌ সুবহানাহু ওয়া তা'আলা তাতে বরকত স্থাপন করেন।

অন্যদিকে, যখন আমরা এই আমানতকে অবহেলা করি, তখন আমরা কেবল সম্পর্ক হারানোর ঝুঁকিই নিই না, বরং তার সঙ্গে যুক্ত **বরকত (বারাকাহ)**-ও হারানোর সম্ভাবনা থেকে যায়।। সেজন্য, আমাদের সম্পর্কগুলো সম্ভবতম উত্তমভাবে রক্ষা করা উচিত, কারণ এর মাধ্যমে আমরা আল্লাহ্‌ সুবহানাহু ওয়া তা'আলার নৈকট্য লাভ করি, যখন আমরা তাঁর আদেশ পূরণ করি।

**সম্মানিত সুধী,**

শাওয়াল এখনো আমাদের সঙ্গে রয়েছে। আসুন, আমরা এই বরকতময় মাসকে ব্যবহার করি **সম্পর্ক দৃঢ় করার এবং সিলাতুরাহমি জোরদার করার সুযোগ হিসেবে**। শুভেচ্ছা জানান, একে অপরের কেমন আছেন তা জিজ্ঞাসা করুন, কল করুন, ক্ষমা প্রার্থনা করুন এবং ক্ষমা করতে প্রস্তুত থাকুন।

আল্লাহ্‌ সুবহানাহু ওয়া তা'আলা আমাদের আজকের সম্পর্কের মাধুর্য রক্ষা করুন, সম্পর্কের টানাপোড়েনে আমরা যখন পড়ি তখন আমাদের **নম্রতা ও বিনয় প্রদান করুন**, এবং আমাদের প্রতিটি সম্পর্ককে **এই জগৎ এবং আখেরাতে বরকত ও প্রতিদান লাভের উৎসে পরিণত করুন**। আমিন, ইয়া রব্বাল 'আলামিন।

أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.

## Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَما أَمَر، وَأَشْهَدُ أَن لا إِلَه إِلَّا اللهُ وَحْدَهُ لا شَرِيكَ لَه، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُه. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلى سَيِّدِنا مُحَمَّدٍ وَعَلى آلِه وَأَصْحابِه أَجْمَعِين. أَمّا بَعْد، فَيا عِبادَ الله، اتَّقُوا اللهَ تَعالَى فِيما أَمَر، وانتَهُوا عَمّا نَهاكُم عَنْهُ وزَجَر.

أَلا صَلُّوا وَسَلِّمُوا عَلى النَّبِيِّ الْمُصْطَفى، فَقَدْ أَمَرَنا اللهُ بِذلِك حَيْثُ قال فِي كِتابِهِ العَزِيز: إِنَّ اللهَ وَمَلائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يا أَيُّها الَّذِينَ ءامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبارِكْ عَلى سَيِّدِنا مُحَمَّدٍ وَعَلى آلِ سَيِّدِنا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفاءِ الرَّاشِدِينَ المَهدِيِّينَ سَادَاتِنا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمانَ وَعَلِيّ، وَعَن بَقِيَّةِ الصَّحابَةِ وَالقَرابَةِ وَالتَّابِعِين، وَتابِعِي التَّابِعِين، وَعَنّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِك يا أَرْحَمَ الرَّاحِمِين.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِناتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِماتِ، الأَحْياءِ مِنْهُم وَالأَمْواتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنّا البَلاءَ وَالوَباءَ وَالزَّلازِلَ وَالمِحَن، ما ظَهَرَ مِنْها وَما بَطَن، عَن بَلَدِنا خاصَّةً، وَسائِرِ البُلْدانِ عامَّةً، يا رَبَّ العالَمِين. اللَّهُمَّ انْصُرْ إِخْوانَنا المُسْتَضْعَفِيْنَ فِي غَزَّةَ وَفِي فِلَسْطِينَ وَفِي كُلِّ مَكانٍ عامَّةً، يا أَرْحَمَ الرَّاحِمِين. اللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فَرَحًا، وَهَمَّهُمْ فَرَجًا، يا رَبَّ العالَمِين. اللَّهُمَّ اكْتُبِ السِّلْمَ وَالسَّلامَ وَالأَمْنَ وَالأَمانَ لِلعالَمِ كُلِّه

وَللَّناسِ أَجْمَعِينَ. رَبَّنَا آتِنا فِي الُّدنيا حَسَنَةً، وَفِي الآَخِرَة حَسَنَةً، وَقِنا عَذَابَ الَّنارِ.

عِبادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيَتاءِ ذِي الْقُرَبى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالُمنكرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.